খোস (স্ক্যাবিজ্)

এই প্রচারপত্রের উদ্দেশ্য কি?

খোস সম্পর্কে আপনার আরও অবগতির জন্য এই প্রচারপত্রটি লিখিত। এর মাধ্যমে আপনি জানতে পারবেন খোস কি, তা কিভাবে হয়, এর ব্যাপারে কি করা যেতে পারে, এবং আপনি কোথায় এ সম্পর্কে আরও তথ্য পাবেন।

খোস কি?

খোস হল একটি সাধারণ এবং অত্যন্ত চুলকানিপূর্ণ ত্বকের রোগ যা মানবদেহের পরজীবী খোস কীটের কারণে হয়ে থাকে। এটি যেকোনো বয়সী ব্যক্তিকে আক্রান্ত করতে পারে কিন্তু প্রধানত কমবয়সী এবং বেশি বয়স্ক মানুষদের হয়ে থাকে।

খোস কেন হয়?

যে কীটগুলির জন্য খোস হয় তারা ক্ষুদ্র পরজীবী, একটি পিনের মাথার থেকেও ছোট্ট। সাধারণত যাঁদের খোস হয়েছে তাঁদের ত্বক থেকে অপর ত্বকে প্রত্যক্ষ সংযোগের কারণে এগুলি চলে আসে, এবং খুব স্বল্প ক্ষেত্রেই পোশাক বা বিছানাপত্রের মত বস্তু থেকে এগুলি বাহিত হয়। এগুলি পোষা প্রাণীর মাধ্যমে ছড়ায় না। খোসে আক্রান্ত ব্যক্তিরা গড়ে তাঁদের ত্বকে এক ডজন পূর্ণবয়স্ক পরজীবী বহন করেন; কিছু মানুষ আরও বেশি সংখ্যক বহন করেন। নোংরা থাকার কারণে খোস হয় না। বিরল ক্ষেত্রে রোগপ্রতিরোধ ক্ষমতা যাঁদের কম বা বয়স্ক ও দুর্বল রোগীদের ক্ষেত্রে খোসের একটি ধরন দেখা যায়, যা শক্ত আবরণযুক্ত খোস বা ক্রাস্টেড স্ক্যাবিজ্ নামে পরিচিত। এই ধরনে ত্বকে হাজার হাজার খোস কীট থাকে এবং তা অত্যন্ত সংক্রামক।

4 Fitzroy Square, London W1T 5HQ
ফোন: 020 7383 0266 ফ্যাক্স: 020 7388 5263 ই-মেইল: admin@bad.org.uk
নিবন্ধিত দাতব্য নং. 258474

খোস কি বংশানুক্রমিক?

না, কিন্তু একই পরিবারের কয়েকজন সদস্যের ক্ষেত্রে এটি হওয়া সাধারণ ব্যাপার।

খোসের লক্ষণ কি?

খোসের প্রধান লক্ষণ চুলকানি, সাধারণত কীটগুলি ত্বকে আসার মাসখানেক পর থেকে তা শুরু হয়। চুলকানি দেহ ও অঙ্গপ্রত্যঙ্গকে আক্রান্ত করে কিন্তু সাধারণত শিশুদের ক্ষেত্রে ছাড়া মাথা ও গলায় ছাড় দেয়। প্রায়শই রাত্রে শোবার সময় চুলকানি বাড়ে। সাধারণত একই পরিবারের কয়েকজন ব্যক্তি, এবং তাঁদের বন্ধুদের প্রায় একই সময় চুলকানি দেখা দেয়।

খোস কেমন দেখতে?

খোসের ফুসকুড়ি ছড়া দাগ এবং লাল মামড়িযুক্ত এলাকার মিশ্রণ; পরে এটি সংক্রামিত হয়ে যেতে পারে এবং ছোট ছোট পুঁজওয়ালা দাগের স্থান সৃষ্টি করে। সাধারণত একজিমা (ডার্মাটাইটিস)-এর মত বিস্তৃত ফুসকুড়ি দেখা যায়। এই চুলকানিযুক্ত ফুসকুড়িগুলি ত্বকের বেশিরভাগ অংশে ভর্তি হয়ে যায় কিন্তু কীটগুলি প্রধানত আঙুলের ফাঁকগুলিতে এবং হাতের তালু, কব্জি, পায়ের গোড়ালি ও চেটোতে পাওয়া যায়। খোসের কীটগুলি তাদের ডিম পাড়ার জন্য ত্বকের এইসব স্থানে গর্ত করে। গর্তগুলি ত্বকের উপর ছোট ছোট ধূসর রেখা হিসাবে দেখা যায়। পূর্ণবয়স্ক কীটগুলি, ছোট্ট, প্রায় 0.4 মিমি মাত্র দীর্ঘ, লেন্সের মাধ্যমে দেখলে একটি গর্তের শেষে থাকা ক্ষুদ্র ঘন বিন্দুর মত মনে হয়। শক্ত আবরণযুক্ত খোসের ফুসকুড়ি সোরিয়াসিসের মত মনে হতে পারে এবং খুব বেশি চুলকানির কারণ না হতে পারে।

খোসের নির্ণয় করা হয় কিভাবে?

বর্ণনা শুনে এবং ফুসকুড়িগুলি পরীক্ষা করে আপনার চিকিৎসক সাধারণত খোস নির্ণয় করতে পারবেন। একটি গর্ত থেকে চেঁছে নেওয়া অংশ অণুবীক্ষণে দেখলে কীট এবং তাদের ডিমগুলিকে দেখতে পাওয়া যাবে।

খোস কি সারানো যায়?

চিকিৎসা না করা হলে খোস কয়েক মাস বা এমনকি কয়েক বছর থাকতে পারে; কিন্তু সঠিক চিকিৎসায়, এটি দ্রুত ও সম্পূর্ণভাবে সেরে যায়। চিকিৎসার ফলে কীটগুলি মারা যাওয়ার পরেও কয়েক সপ্তাহ চুলকানি থাকে।

খোসের চিকিৎসা কিভাবে করা যায়?

খোসের চিকিৎসার অন্তর্ভুক্ত:

1. আপনার নিজের খোসের হাত থেকে মুক্তি পাওয়া।
2. নিশ্চিত করুন যাতে আপনি এবং যোগাযোগের অন্যান্য ব্যক্তিদের আবার যেন এটি না হয়। এর অর্থ হল পরিবারের সমস্ত সদস্য এবং যৌন সম্পর্কের অন্তর্গত ব্যক্তিদেরও যেন একই সময়ে চিকিৎসা হয়, তাঁদের চুলকানি থাকুক বা নাই থাকুক।

কয়েক রকম ওষুধ খোসের চিকিৎসায় কার্যকরী। সেগুলির মধ্যে, পার্মাথ্রিন এবং ম্যালাথিয়ন যুক্তরাজ্যে সব থেকে বেশি ব্যবহৃত হয়। যেহেতু উভয় ঘটকই বিভিন্ন সূত্রবদ্ধ আকারে পাওয়া যায়, তাদের মধ্যে কয়েকটি শুধুমাত্র মাথার উকুনের ক্ষেত্রেই কার্যকরী, এটি দেখে নেওয়া গুরুত্বপূর্ণ যে আপনাকে যে ওষুধগুলি দেওয়া হয়েছে সেগুলি খোসের ক্ষেত্রে ব্যবহার করার জন্য বিশেষভাবে প্রস্তুত হয়েছে। আপনার চিকিৎসক গর্ভবতী বা স্তন্যদাত্রী মহিলা, অথবা শিশুদের জন্য ভিন্ন প্রস্তুতি ব্যবহারের পরামর্শ দিতে পারেন।

আপনার চিকিৎসার সঙ্গে প্রদত্ত নির্দেশাবলী পুঙ্খানুপুঙ্খ ভাবে অনুসরণ করুন; সেগুলি নিম্নলিখিত নীতিসমূহের উপর আধারিত হবে:

- কীটগুলি ত্বকের যেকোনো স্থানে থাকতে পারে, তাই এই চিকিৎসা প্রাপ্তবয়স্কদের ঘাড়ের নিচে সকল স্থানে অবশ্যই প্রয়োগ করা উচিৎ (এবং শিশুদের মাথার তালুতেও), কেবল চুলকানিপূর্ণ স্থানগুলিতে নয়।
- ধুয়ে ফেলার আগে অন্তত 12 ঘন্টা ওষুধ রাখা উচিৎ।
- আপনি যখন হাতগুলি ধোবেন, তার পরে আবার আপনার হাতে ওষুধ লাগান।
- প্রথমবার ওষুধ লাগানোর পরে যে কীটগুলি ডিম ফুটে বেরিয়েছে তাদের মারতে এক সপ্তাহের অন্তরে দুইবার চিকিৎসা প্রয়োজন।
- জামাকাপড় ও বিছানার সামগ্রীর একবার স্বাভাবিক ধৌতকরণ কীটগুলিকে সমূলে উৎপাটন করে।
- চিকিৎসার ওষুধ প্রয়োগের আগে স্নান করা জরুরী নয়।

খোস যদি চিকিৎসার প্রতিরোধক্ষম হয়ে যায় অথবা এটি শক্ত আবরণযুক্ত ধরনের হলে, ইভারমেক্টিন নামক মুখে খাওয়ার ওষুধ ব্যবহারের নিদান দেওয়া হতে পারে, সাধারণত এক সপ্তাহের অন্তরে ট্যাবলেটের দুটি মাত্রা গৃহীত হয়ে থাকে।

সবশেষে, আপনার খোস যদি কোনো যৌনসঙ্গীর কাছ থেকে হয়ে থাকে, আপনার চিকিৎসক অন্যান্য রোগের উপস্থিতির জন্য পরীক্ষা করতে চাইতে পারেন, যা সেই সময়ে বাহিত হয়ে থাকতে পারে।

আমি কি করতে পারি?

আপনি যদি আপনাকে প্রদত্ত নির্দেশাবলী অনুসরণ করেন, আপনি সফলভাবে আপনার খোস সারিয়ে ফেলতে পারবেন। আপনার পক্ষে এটিও নিশ্চিত করা প্রয়োজন যে আপনার সমস্ত ঘনিষ্ঠ যোগাযোগের ব্যক্তিরা আপনার মতই একই সময়ে চিকিৎসার প্রয়োগ করবেন। দুর্ভাগ্যজনকভাবে, আবার খোস হওয়া খুব সাধারণ ঘটনা।

আমি খোস সম্পর্কে আরও তথ্য পাব কোথায়?

ইন্টারনেটে:

http://www.aad.org/dermatology-a-to-z/diseases-and-treatments/q---t/scabies

www.medinfo.co.uk/conditions/scabies.html

এই প্রচারপত্রের উদ্দেশ্য বিষয়টির যথাযথ তথ্য প্রদান করা এবং এটি ব্রিটিশ অ্যাসোশিয়েশন অব ডার্মাটোলজিস্টস্-এর প্রতিনিধিদের মতামতের মিলের ভিত্তিতে তৈরি: যদিও, এর বিষয়বস্তু কখনও কখনও আপনার চিকিৎসক প্রদত্ত পরামর্শ থেকে ভিন্ন হতে পারে।

ব্রিটিশ অ্যাসোসিয়েশন অফ ডার্মাটোলজিস্টস এর পেশেন্ট ইনফরমেশন লে রিভিউ প্যানেল দ্বারা এই প্রচারপত্রটির পঠনযোগ্যতা মূল্যায়িত হয়েছে

ব্রিটিশ অ্যাসোশিয়েশন অব ডার্মাটোলজিস্টস্

রোগীদের জন্য তথ্যের প্রচারপত্র

4 Fitzroy Square, London W1T 5HQ

ফোন: 020 7383 0266 ফ্যাক্স: 020 7388 5263 ই-মেইল: admin@bad.org.uk

নিবন্ধিত দাতব্য নং. 258474

আগস্ট 2004-এ তৈরি

মে 2010, সেপ্টেম্বর 2013 -এ হালনাগাদকৃত

পর্যালোচনা তারিখ 2016

Health & care information you can trust

The Information Standard Certified Member

4 Fitzroy Square, London W1T 5HQ

ফোন: 020 7383 0266 ফ্যাক্স: 020 7388 5263 ই-মেইল: admin@bad.org.uk

নিবন্ধিত দাতব্য নং. 258474